# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৭৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (২৬) মুসাফির সংক্রান্ত বিধি-বিধান

## 26 ـ باب المسافر

আরবী

2679 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حدثنا إسماعيل ابن عَبْدِ اللَّهِ بْنِ خَالِدٍ الْقُرَشِيُّ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْعَلَاءِ بْنِ زَبْرٍ أَنَّهُ سَمِعَ مُسْلِمَ بْنَ مِشْكَمٍ أَبَا عُبَيْدِ اللَّهِ يَقُولُ حَدَّثَنَا أَبُو ثَعْلَبَةَ الْخُشَنِيُّ قَالَ: كَانَ النَّاسُ إِذَا نَزَلُوا مَنْزِلًا تَفَرَّقُوا فِي الشِّعَابِ وَالْأَوْدِيَةِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أن تَفَرُّقَكُمْ فِي هَذِهِ الشِّعَابِ وَالْأَوْدِيَةِ إِنَّمَا ذَلِكُمْ مِنَ الشَّيْطَانِ) قَالَ: فَلَمْ يَنْزِلُوا بَعْدُ مَنْزِلًا إِلَّا انْضَمَّ بَعْضُهُمْ إِلَى بَعْضٍ حَتَّى لَوْ بُسِطَ عليهم ثوب لَعَمَّهُمْ.

الراوي : أَبُو ثَعْلَبَةَ الْخُشَنِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2679 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2363)، ((الجلباب)) (ص209).

বাংলা

২৬৭৯. আবূ সা'লাবাহ আল খুশানী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “সাহাবীগণ যখন কোন জায়গায় যাত্রা বিরতি দিতেন, তখন তাঁরা বিভিন্ন গিরিপথ ও উপত্যকায় ছড়িয়ে-ছিটিয়ে থাকতেন, তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নিশ্চয়ই এসব গিরিপথ ও উপত্যকায় তোমাদের ছড়িয়ে-ছিটিয়ে থাকাটা শয়তান থেকে এসেছে।”

রাবী বলেন, “এরপর সাহাবীগণ কোন জায়গায় যাত্রাবিরতি করলে, একজনের সাথে আরেকজন যুক্ত হয়ে থাকতেন, এমনকি যদি তাদের উপর একটি কাপড় বিছিয়ে দেওয়া হয়, তবে তাদের সবাইকে ছেয়ে নিবে।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১৯৩; আবূ দাউদ: ২৬২৮; নাসাঈ, আল কুবরা: ৯/১৩৩; হাকিম: ২/১১৫; সুনান বাইহাকী: ৯/১৫২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২৩৬৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা'লাবাহ্ আল খুশানী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92009

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন